# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

১৩তম বর্ষ, ১ম সংখ্যা, জানুয়ারি-জুন, ২০২০


## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও 'মুজিববর্ষ' এর শুভ উদ্বোধন




*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও "মুজিববর্ষ" এর শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও 'মুজিববর্ষ' এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ১৭ মার্চ এর প্রথম প্রহর ১২.০১ টায় অডিটোরিয়ামের সম্মুখ হতে শত বেলুন ও ফেস্টুন উড়িয়ে জন্মশতবার্ষিকী উদ্‌যাপন ও 'মুজিববর্ষ' এর শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বছরব্যাপী বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়।

### ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

## "শিক্ষার্থীদেরকে শিক্ষার মৌলিক উদ্দেশ্য ও লক্ষ্য থেকে বিচ্যুত হলে চলবে না"

- কুয়েট ভাইস-চ্যান্সেলর




*১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠান শেষে নবাগত শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, "দেশের সাধারণ মানুষের সেবা করার মানসিকতা নিয়ে মেধার সর্বোত্তম ব্যবহার করতে হবে। তোমরা বিজ্ঞান ও প্রযুক্তির এক বিশাল ভান্ডারের উৎসমুখে হাজির হয়েছো, তোমাদেরকে শিক্ষার মৌলিক উদ্দেশ্য ও লক্ষ্য থেকে বিচ্যুত হলে চলবে না"। তিঁনি আরো বলেন, "এ প্রতিষ্ঠানের গ্রাজুয়েটরা বিশ্বের সর্বত্র তাদের মেধার স্বাক্ষর রেখে চলেছে, তোমরা তাদের উত্তরসূরী। তোমরা প্রত্যেকে এ বিশ্ববিদ্যালয়ের একেকজন প্রতিনিধি। এ বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিতে তোমাদের সকলকে দৃঢ় সংকল্প নিয়ে কাজ করতে হবে"। ২৩ জানুয়ারি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত (০২ পৃষ্ঠায় দেখুন)

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

(০৩ পৃষ্ঠার পর) ড. এম এ রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, কর্মকর্তা সমিতি (আপগ্রেডেশন), কর্মচারী সমিতি (৩য় শ্রেণি), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণি), মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ পুষ্পমাল্য অর্পণ করেন। শ্রদ্ধা নিবেদন শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সকাল সাড়ে ৯ টায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদারের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন ইইই বিভাগের শিক্ষক প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আব্বাস আলী, কর্মকর্তা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান, কর্মচারী সমিতির (৩য় শ্রেণি) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল, সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম, কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণি) সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমান, সদস্য ইমরান আলী রনি, মাস্টাররোল কর্মচারী সমিতির সভাপতি শামীম রেজা ও বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সভাপতি সোনালী বিনতে শরীফ। সকাল ০৬:১০ টায় কোরআন খতম, সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন ও বিভিন্ন হলে জাতীয় পতাকা উত্তোলন এবং আসর বাদ বিশ্ববিদালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দুপুরে শিক্ষক সমিতির আয়োজনে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এছাড়া, ১৭ মার্চ এর প্রথম প্রহরে বাংলাদেশ ছাত্রলীগ, কুয়েট শাখার উদ্যোগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন ও জন্মশতবার্ষিকী উপলক্ষে কেক কাটা কর্মসূচি পালিত হয়। উল্লেখ্য, কুয়েটে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২০ বিস্তারিত কর্মসূচির মাধ্যমে উদ্‌যাপন করার প্রস্তুতি গ্রহণ করা হলেও অনিবার্য কারণবশতঃ (করোনা ভাইরাস প্যান্ডেমিক) সংক্ষিপ্ত পরিসরে কর্মসূচী পালন করা হয়।

## "শিক্ষার্থীদেরকে শিক্ষার মৌলিক উদ্দেশ্য

(০১ পৃষ্ঠার পর) ওরিয়েন্টেশন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এবং অনুষদের শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম। এছাড়া বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং স্বাগত বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। নবাগত শিক্ষার্থীদের মধ্য থেকে অনুভূতি ব্যক্ত করেন শেখ মোহাম্মদ ইসমাইল, মেহেরিন মুকাররম মোর্শেদ এবং মুশফিক মাহমুদ ফয়সাল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যগণ, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, প্রভোস্টগণ, একাডেমিক কাউন্সিলের সদস্যগণ, শিক্ষকবৃন্দ, দপ্তর প্রধানগণ, উচ্চপদস্থ কর্মকর্তাগণ, সাংবাদিকবৃন্দ, নবাগত ছাত্র-ছাত্রীবৃন্দ এবং তাদের অভিভাবকবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। ওরিয়েন্টেশনের উদ্বোধনী অনুষ্ঠান শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে কুয়েট ভলান্টারি ব্লাড ডোনেশান সোসাইটি "ড্রিমস" এর উদ্যোগে ব্লাড গ্রুপিং কার্যক্রম, বিএনসিসি কার্যক্রম এবং "নো ড্রাগস, নো র‌্যাগিং, নো স্মোকিং, নো ওয়েস্ট লিটারিং" বিষয়ে শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। এদিনের বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ তাদের নিজ নিজ বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় ওরিয়েন্টেশন অনুষ্ঠানের আয়োজন করে। উল্লেখ্য, কুয়েটে এ শিক্ষাবর্ষে ৩টি অনুষদের অধীনে ১৬ টি স্নাতক ডিগ্রী প্রদানকারী বিভাগে ১০৬২ জন নতুন শিক্ষার্থী ভর্তি হয়।

## "এক্সপ্লোরিং লেদার সেক্টর: ফিউচার স্কোপস, এমপ্লয়মেন্ট অপরচুনিটিস এন্ড চ্যালেঞ্জেস" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




*লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে "এক্সপ্লোরিং লেদার সেক্টর: ফিউচার স্কোপস, এমপ্লয়মেন্ট অপরচুনিটিস এন্ড চ্যালেঞ্জেস" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে "এক্সপ্লোরিং লেদার সেক্টর: ফিউচার স্কোপস, এমপ্লয়মেন্ট অপরচুনিটিস এন্ড চ্যালেঞ্জেস" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ০৯ মার্চ দুপুর ৩ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত সেমিনারে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। সেমিনারে সভাপতিত্ব করেন লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক অধীর চন্দ্র পাল। অনুষ্ঠানে লেদার সেক্টরের সমস্যা ও সম্ভাবনা বিষয়ে আলোকপাত করেন এলইটিএস'বি এর প্রেসিডেন্ট এবং মারসন্স ট্যানারী এর ব্যবস্থাপনা পরিচালক তারিকুল ইসলাম খান। উদ্বোধনী অনুষ্ঠান শেষে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন গোল্ডেন ফ্রগ লেদার প্রডাক্টস লিঃ এর স্বত্বাধিকারী মোস্তাক সাম বিল্লাহ, রানার ফুটওয়্যার লিঃ এর সিইও সৈয়দ আসাদুজ্জামান, ভেনচুরা লেদারওয়্যার ম্যানুঃ লিঃ এর হিউম্যান ক্যাপিটাল ম্যানেজমেন্ট সৈয়দ আতিকুল ইসলাম, টিইউভি এসইউডি বাংলাদেশ (প্রা) লিঃ এর ডেপুটি জেনারেল ম্যানেজার খন্দকার মোহাম্মাদ জামান হোসেন। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন।

## ক্যারিয়ার ফেস্টিভ্যাল অনুষ্ঠিত




*'ক্যারিয়ার ফেস্টিভ্যাল' এ প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের আয়োজনে ০৮ মার্চ রবিবার দিনব্যাপী বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে মেকানিক্যাল অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের জন্য প্রথম বারের মত 'ক্যারিয়ার ফেস্টিভ্যাল' অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলামের সভাপতিত্বে ফেস্টিভ্যালে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও ওজোপাডিকো লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। ফেস্টিভ্যালে ক্যারিয়ার অপরচুনিটি বিষয়ক সেমিনারে বক্তৃতা করেন বার্জার পেইন্টস বাংলাদেশ লিঃ এর অর্গানাইজেশন ডেভেলপমেন্ট এর প্রধান রাহাত আফরোজ, বাংলা মার্ক এর টেকনিক্যাল এন্ড সেলস এর পরিচালক (০৪ পৃষ্ঠায় দেখুন)

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত



*মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ পালিত হয়েছে। ২০ ফেব্রুয়ারি বুধবার রাত ০৯ টায় শহীদ মিনার প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। একুশের প্রথম প্রহর রাত ১২:০১ টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এরপর পর্যায়ক্রমে শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, হলসমূহের প্রভোস্ট ও ছাত্র-ছাত্রীগণ (ফজলুল হক হল, লালন শাহ্ হল, খানজাহান আলী হল, ড. এম. এ. রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল), বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখা, পুলিশ ট্রেইনিং সেন্টার, কর্মকর্তা সমিতি (আপগ্রেডেশন), তৃতীয় শ্রেণি কর্মচারী সমিতি, চতুর্থ শ্রেণি কর্মচারী সমিতি, মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, হল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, স্বরে-অ, কুয়েট থিয়েটার, ধ্রুপদী, অচীন পাখি, বৃহত্তর ময়মনসিংহ এসোসিয়েশন, ইএসই এসোসিয়েশন, বগুড়া-জয়পুরহাট এসোসিয়েশন, ওকেএস, গ্রেটার কুমিল্লা এসোসিয়েশন, কল্পপট আর্ট সোসাইটি, ট্রাই, ড্রিম, চুয়াডাঙ্গা এসোসিয়েশন, নাটোর এসোসিয়েশন, কুয়েট ফটোগ্রাফিক সোসাইটিসহ বিভিন্ন সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যক্তির পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন, সকাল ৯ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চিত্রাংকন প্রতিযোগিতায় (১৫ পৃষ্ঠায় দেখুন)

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপিত



*জাতীয় শিশু দিবস ২০২০ উপলক্ষ্যে ক্যাম্পাসস্থ বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। সকাল ৯ টায় ক্যাম্পাসস্থ বঙ্গবন্ধু স্কয়ারে বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এরপর পর্যায়ক্রমে শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, লালন শাহ্ হল, খানজাহান আলী হল, (০২ পৃষ্ঠায় দেখুন)

## জাকজঁমকপূর্ণভাবে শ্রী শ্রী সরস্বতী পূজা অনুষ্ঠিত



*সনাতন ধর্মাবলম্বীদের বিদ্যার দেবী শ্রী শ্রী সরস্বতী পূজা জাকজঁমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছে।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)-এ ৩০ জানুয়ারি বৃহস্পতিবার সকালে সনাতন ধর্মাবলম্বীদের বিদ্যার দেবী শ্রী শ্রী সরস্বতী পূজা জাকজঁমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের মুক্ত মঞ্চের সম্মুখে অস্থায়ী পূজা মন্ডপে বিশ্ববিদ্যালয়ের পূজা উদ্‌যাপন কমিটির সার্বিক আয়োজনে সনাতন ধর্মাবলম্বী শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারীসহ অন্যান্যরা স্বতঃস্ফূর্তভাবে শ্রী পঞ্চমী তিথিতে শ্বেতবসনা, বাগদেবী সরস্বতী দেবীর শুভ আরাধনার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এ সময় পূজা মন্ডপ পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। পূজাকালীন সময়ে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি তুষার কান্তি রায়সহ অন্যান্য সদস্যবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ। শ্রী শ্রী সরস্বতী পূজা উপলক্ষে ২৯ জানুয়ারি বুধবার সন্ধ্যায় প্রতিমা আনয়ন করা হয় এবং ৩১ জানুয়ারি শুক্রবার সকালে প্রতিমা নিরঞ্জন দেওয়া হয়। এছাড়া পূজা উপলক্ষে বৃহস্পতিবার সন্ধ্যায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## "ইন্টারেকটিভ টিচিং এন্ড লার্নিং" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



*আইকিউএসি'র আয়োজনে "ইন্টারেকটিভ টিচিং এন্ড লার্নিং" শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "ইন্টারেকটিভ টিচিং এন্ড লার্নিং (আইটিএল)" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১১ জানুয়ারি শনিবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ গোলাম সামদানি ফকির। কর্মশালায় স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এবং সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ মাহবুব হাসান। কর্মশালায় অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ও প্রভাষকগণ অংশগ্রহণ করেন।

## “সফ্‌টওয়্যার, হার্ডওয়্যার, নেটওয়ার্ক ইনস্টলেশন ও ট্রাবলশুটিং” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



*আইকিউএসসি’র আয়োজনে দিনব্যাপী “সফ্‌টওয়ার, হার্ডওয়্যার, নেটওয়ার্ক ইনস্টলেশন ও ট্রাবলশুটিং” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী “সফ্‌টওয়্যার, হার্ডওয়্যার, নেটওয়ার্ক ইনস্টলেশন ও ট্রাবলশুটিং” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৮ জানুয়ারি মঙ্গলবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ মাহবুব হাসানের সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি’র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল কম্পিউটার সেন্টারে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালায় অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কার্যালয়ে কর্মরত কম্পিউটার সংশ্লিষ্ট কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

## ‘বিল্ডিং এনার্জি সিম্যুলেশন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



*‘বিল্ডিং এনার্জি সিম্যুলেশন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ ‘বিল্ডিং এনার্জি সিম্যুলেশন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয়ে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের আয়োজনে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সেমিনারটি অনুষ্ঠিত হয়। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন আহসানউল্লাহ ইউনিভার্সিটি অফ সায়েন্স এন্ড টেকনোলজির সাবেক শিক্ষক প্রফেসর ড. মুহাম্মাদ রিয়াজুল হামিদ। সেমিনারে সভাপতিত্ব করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও বিশ্ববিদ্যালয়ের এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

## ক্যারিয়ার ফেস্টিভ্যাল অনুষ্ঠিত

(০২ পৃষ্ঠার পর) মহিউদ্দিন খালেদ, আর্টিসান ক্রাফট এর ব্যবস্থাপনা পরিচালক সাহেদ হাসান, বিএসআরএম ট্যালেন্ট অ্যাকুইজিশন ইনচার্জ মোঃ মামুনুর রহমান, নিটল-নিলয় এর এইচআর ম্যানেজার ইমতিয়াজ আহমেদ, সাইহাম গ্রুপ এর প্রোডাকশন শাখার ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ মহিদ্দিন মজুমদার, শাশা টেক্স কোঃ এর কম্পানি পার্টনার এইচএম শোয়েবুর রহমান এবং ভেনচুরা লেদারওয়্যার ম্যানুঃ (বিডি) লিঃ এর হিউম্যান ক্যাপিটাল ম্যানেজমেন্ট এর সহকারী ব্যবস্থাপক সৈয়দ আতিকুল ইসলাম। ফেস্টিভ্যালে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে রয়েছে বার্জার, সিনকোস, বাংলা মার্ক, ওয়ালটন, বিএসআরএম, রানার, নিটল-নিলয়, প্রাণ-আরএফএল, আর্টিসান ক্রাফ্ট, সাইহাম গ্রুপ, মোবিল, হ্যামকো, বিইওএল, শাশা টেক্স কোঃ, বিডি ভেনচুরা এবং ডেক্যাথলন। ফেস্টিভ্যালে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের বিভিন্ন বিভাগের সদ্য পাশ করা গ্রাজুয়েটগণ অংশগ্রহণ করেন।

## “ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলজিস” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




*“ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রনটিয়ার টেকনোলজিস” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের আয়োজনে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি ডিভিশন, ডিজিটাল বাংলাদেশ এবং স্টার্টআপ বাংলাদেশ এর সহযোগিতায় “ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলজিস” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৮ জানুয়ারি মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এবং সিএসই বিভাগের প্রফেসর ড. এম এম এ হাসেম। অনুষ্ঠানে কীনোট স্পিকার ছিলেন আইডিয়া (iDEA) এর কনসালটেন্ট মোঃ দেওয়ান আদনান।

## “কী পারফরমেন্স ইন্ডিকেটর: কুয়েট পার্সপেক্টিভ” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




“কী পারফরমেন্স ইন্ডিকেটর: কুয়েট পার্সপেক্টিভ” শীর্ষক কর্মশালা উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে “কী পারফরমেন্স ইন্ডিকেটর: কুয়েট পার্সপেক্টিভ” শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৪ মার্চ শনিবার সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এর সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর এম, আমিনুর। কর্মশালায় স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি’র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এবং শুভেচ্ছা বক্তৃতা করেন রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। কর্মশালায় অত্র বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, অধ্যাপকগণ এবং সহযোগী অধ্যাপকগণ অংশগ্রহণ করেন।

## শিক্ষক সমিতির বার্ষিক নির্বাচন-২০২০

# প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী সভাপতি ও ড. মোঃ আব্দুল হাসিব সাধারণ সম্পাদক নির্বাচিত



*প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী*



*ড. মোঃ আব্দুল হাসিব*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর শিক্ষক সমিতির বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে সভাপতি পদে প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী এবং সাধারণ সম্পাদক পদে ড. মোঃ আব্দুল হাসিব নির্বাচিত হয়েছেন। ২২ জানুয়ারি সকাল ০৮টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের গেস্ট হাউজ কাম ক্লাব ভবনস্থ শিক্ষক সমিতির কার্যালয়ে বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২০ এবং দুপুরে সংগঠনের বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হয়। নির্বাচনে সহ-সভাপতি পদে ড. মোঃ হেলাল-আন-নাহিয়ান, সহ-সাধারণ সম্পাদক পদে প্রতীক চন্দ্র বিশ্বাস, কোষাধ্যক্ষ পদে খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম, ক্রীড়া সম্পাদক পদে এইচ এম আব্দুল ফাত্তাহ, সাংস্কৃতিক সম্পাদক পদে শাওনী প্রিয়ম শিকদার, প্রচার ও সমাজকল্যাণ সম্পাদক পদে সৌমিত্র কুমার সরকার এবং সদস্য পদে ড. মোঃ ইলিয়াস উদ্দিন, অধ্যাপক বি এম ইকরামুল হক, প্রফেসর ড. মোঃ সাহিদুল ইসলাম, প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন ও আবু-হেনা মোস্তফা কামাল নির্বাচিত হন। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ ও নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন গণিত বিভাগের প্রফেসর ড. মোঃ আলহাজ উদ্দীন।

# ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে শিক্ষক সমিতির সৌজন্য সাক্ষাৎ



*শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি ২৬ জানুয়ারি রবিবার সকালে বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের ভাস্কর্য ‘দুর্বার বাংলা’, ‘বঙ্গবন্ধু স্কয়ারে’ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি এবং শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়া, সকালে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। এসময় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, সহ-সভাপতি ড. মোঃ হেলাল-আন-নাহিয়ান, সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, সহ-সাধারণ সম্পাদক প্রতীক চন্দ্র বিশ্বাস, কোষাধ্যক্ষ খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম, ক্রীড়া সম্পাদক এইচ এম আব্দুল ফাত্তাহ, প্রচার ও সমাজকল্যাণ সম্পাদক সৌমিত্র কুমার সরকার, সদস্য ড. মোঃ ইলিয়াস উদ্দিন, প্রফেসর ড. মোঃ সাহিদুল ইসলাম, প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন ও আবু-হেনা মোস্তফা কামাল এবং প্রফেসর ড. সোবহান মিয়া, প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, প্রফেসর ড. সজল কুমার অধিকারীসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

# বঙ্গবন্ধুর সমাধিতে শিক্ষক সমিতির নবনির্বাচিত কমিটির শ্রদ্ধা নিবেদন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন। ৩১ জানুয়ারি শুক্রবার শ্রদ্ধা নিবেদনকালীন সময়ে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, সহ-সভাপতি ড. মোঃ হেলাল-আন-নাহিয়ান, সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, সহ-সাধারণ সম্পাদক প্রতীক চন্দ্র বিশ্বাস, কোষাধ্যক্ষ খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম, সাংস্কৃতিক সম্পাদক শাওনী প্রিয়ম শিকদার, ক্রীড়া



*শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির নেতৃবৃন্দ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন।*

সম্পাদক এইচ এম আব্দুল ফাত্তাহ, প্রচার ও সমাজকল্যাণ সম্পাদক সৌমিত্র কুমার সরকার, সদস্য ড. মোঃ ইলিয়াস উদ্দিন, প্রফেসর ড. মোঃ সাহিদুল ইসলাম, অধ্যাপক বি এম ইকরামুল হক, প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন ও আবু-হেনা মোস্তফা কামাল এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

# ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে অফিসার্স এসোসিয়েশনের সৌজন্য সাক্ষাৎ



*মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি-২০২০।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি ২০২০। ১৬ ফেব্রুয়ারি রবিবার সকালে সৌজন্য সাক্ষাৎকালীণ সময়ে অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, সহ-সভাপতি মোঃ মঈনুল হক, সাধারণ সম্পাদক মোঃ আব্বাস আলী, সহ-সাধারণ সম্পাদক মোঃ রুবেল শেখ, সাংগঠনিক সম্পাদক শেখ আশিকুর রহমান, ট্রেজারার শাহ্ মোঃ শহীদুল ইসলাম, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজকল্যাণ সম্পাদক মনোজ কুমার মজুমদার, দপ্তর ও প্রচার সম্পাদক মোঃ লাইসান হাবিব, সদস্য জি এম আবু সাঈদ, মোঃ মাহবুবুর রহমান ও প্রকৌশলী প্রদীপ কুমার দাস উপস্থিত ছিলেন।

# বঙ্গবন্ধুর সমাধিতে অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কমিটির শ্রদ্ধা নিবেদন



*অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির নেতৃবৃন্দ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন। ১৯ ফেব্রুয়ারি বুধবার বিকালে শ্রদ্ধা নিবেদনকালীণ সময়ে অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, সহ-সভাপতি মোঃ মঈনুল হক, সাধারণ সম্পাদক মোঃ আব্বাস আলী, সহ-সাধারণ সম্পাদক মোঃ রুবেল শেখ, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজকল্যাণ সম্পাদক মনোজ কুমার মজুমদার, দপ্তর ও প্রচার সম্পাদক মোঃ লাইসান হাবিব, সদস্য জি এম আবু সাঈদ, মোঃ মাহবুবুর রহমান ও প্রকৌশলী প্রদীপ কুমার দাস এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## ‘অনলাইন পেমেন্ট সার্ভিস’ কার্যক্রমের শুভ উদ্বোধন



*‘অনলাইন পেমেন্ট সার্ভিস’ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর কার্যক্রমসমূহ পূর্ণাঙ্গ অটোমেশনের আওতাভূক্তকরণের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কোর্স রেজিস্ট্রেশন ফি, লাইব্রেরি ফিসহ অন্যান্য ফি, চার্জ, পেমেন্ট জমা প্রদান কার্যক্রম অটোমেশনের আওতায় আনার জন্য ‘অনলাইন পেমেন্ট সার্ভিস’ কার্যক্রমের আনুষ্ঠানিক শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ০৩ ফেব্রুয়ারি সোমবার সকাল সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে ‘অনলাইন পেমেন্ট সার্ভিস’ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ‘অনলাইন পেমেন্ট সার্ভিস’ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং এর ফলে শিক্ষার্থীদের বিড়ম্বনা অনেকাংশে হ্রাস পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, আইআইসিটি’র পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এবং রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিনের পরিচালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন লাইব্রেরিয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান, সেবাদানকারী প্রতিষ্ঠান এসএসএল ওয়্যারলেস এর হেড অফ ইঞ্জিনিয়ারিং মোঃ ইফতেখার আলম ইশহাক। এসময় অনুভূতি প্রকাশ এবং ‘অনলাইন পেমেন্ট সার্ভিস’ এর মাধ্যমে লাইব্রেরি ফি প্রদান করেন লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ২য় বর্ষের শিক্ষার্থী নাজমুল সাকিব ফাহিম। উদ্বোধনী অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

## জাতীয় গ্রন্থাগার দিবস পালিত




*জাতীয় গ্রন্থাগার দিবস ২০২০ উপলক্ষে কুয়েটে প্রশাসনিক ভবনের সামনে থেকে র‍্যালী শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে লাইব্রেরীর সামনে এসে শেষ হয়।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ ‘পড়ব বই, গড়ব দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ’ প্রতিপাদ্যে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২০ পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে ০৫ ফেব্রুয়ারি বুধবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে র‍্যালী শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে লাইব্রেরির সামনে এসে শেষ হয়। র‍্যালীর পূর্বে সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

## নতুন দুইটি মিনিবাস ও দুইটি মাইক্রোবাস উদ্বোধন



*দু’টি নতুন এসি মিনিবাস ও দু’টি মাইক্রোবাসের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর জন্য দুইটি নতুন এসি মিনিবাস ও দুইটি মাইক্রোবাস উদ্বোধন করা হয়েছে। ০৪ ফেব্রুয়ারি মঙ্গলবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের যানবাহন শাখার সম্মুখে এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এ সময় তিঁনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, “বিশ্ববিদ্যালয়ের পরিবহনপুলে দুইটি মিনিবাস ও দুইটি মাইক্রোবাস যোগ হওয়ায় পরিবহন সংকট অনেকাংশে লাঘব হবে”। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক প্রফেসর ড. আবু জাকির মোর্শেদ, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, যানবাহন কর্মকর্তা প্রকৌশলী মোঃ রুহুল আমিন এবং সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। উদ্বোধন শেষে বিশেষ দোয়া পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদের সহকারী ইমাম হাফেজ মাও. মুফতি জুবায়ের হাসান। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## আন্তর্জাতিক নারী দিবস পালিত




*আন্তর্জাতিক নারী দিবস ২০২০ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের আয়োজেন ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর রোকেয়া হলের আয়োজনে আন্তর্জাতিক নারী দিবস ২০২০ পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে ০৮ মার্চ রবিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের আয়োজনে ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও বিশ্ববিদ্যালয়ের একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। এসময় বক্তারা বলেন, নারীরা এখন আর পিছিয়ে নেই, সর্বক্ষেত্রেই তাদের বিচরণ পুরুষদের সমানতালে এগিয়ে চলেছে। দেশের সার্বিক উন্নয়নের জন্য নারীদেরকে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, রোকেয়া হলের সহকারী প্রভোস্ট আয়শা সিদ্দিকা এবং রোকেয়া হলের ছাত্রীরা উপস্থিত ছিলেন।

## ড. এম. এ. রশীদ হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



*ড. এম. এ. রশীদ হলের বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ড. এম. এ. রশীদ হলের আয়োজনে ২৯ ফেব্রুয়ারি শনিবার রাতে হল প্রাঙ্গণে বার্ষিক প্রীতিভোজ ২০১৯ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. এম. এ. রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট হলের ছাত্রবৃন্দ অংশগ্রহণ করেন।

## অমর একুশে হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



*অমর একুশে হলের বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর অমর একুশে হলের আয়োজনে ০৩ মার্চ মঙ্গলবার রাতে হল প্রাঙ্গণে বার্ষিক প্রীতিভোজ ২০১৯ অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অমর একুশে হলের প্রভোস্ট প্রফেসর এ এন এম এনামুল কবির। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট হলের ছাত্রবৃন্দ অংশগ্রহণ করেন।

## খানজাহান আলী হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



*খানজাহান আলী হলের বার্ষিক প্রীতিভোজে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর খানজাহান আলী হলের আয়োজনে ০৭ মার্চ শনিবার রাতে হল প্রাঙ্গণে বার্ষিক প্রীতিভোজ ২০১৯ অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও বিশ্ববিদ্যালয়ের এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খানজাহান আলী হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট হলের ছাত্রবৃন্দ অংশগ্রহণ করেন।

## লালন শাহ্ হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



*লালন শাহ্ হলের বার্ষিক প্রীতিভোজ ও সাংস্কৃতিক সন্ধ্যা ২০১৯ এ প্রধান অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর লালন শাহ্ হলের আয়োজনে ০৮ মার্চ রবিবার রাতে হল প্রাঙ্গণে বার্ষিক প্রীতিভোজ ও সাংস্কৃতিক সন্ধ্যা ২০১৯ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লালন শাহ্ হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার। অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট হলের ছাত্রবৃন্দ অংশগ্রহণ করেন।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



*বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক প্রীতিভোজ ও ইনডোর গেমস্-এর পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আয়োজনে ০৯ মার্চ সোমবার রাতে হল প্রাঙ্গণে বার্ষিক প্রীতিভোজ ও ইনডোর গেমস্ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন এবং ইনডোর গেমস্ এর পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট হলের ছাত্রবৃন্দ অংশগ্রহণ করেন।

## রোকেয়া হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



রোকেয়া হলের বিদায়ী শিক্ষার্থীদের হলের পক্ষ থেকে স্মারক ক্রেস্ট তুলে দেন ইইই অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর রোকেয়া হলের ২০১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৪ মার্চ শনিবার রাতে রোকেয়া হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। রোকেয়া হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং স্বাগত বক্তৃতা করেন রোকেয়া হলের সহকারী প্রভোস্ট আয়েশা সিদ্দিকা। অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং প্রধান অতিথি বিদায়ী শিক্ষার্থীদের হাতে হলের পক্ষ থেকে স্মারক ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## ফজলুল হক হলে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



ফজলুল হক হলের বার্ষিক প্রীতিভোজ ও পুরুস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ফজলুল হক হলের আয়োজনে ১৬ মার্চ রাতে হল প্রাঙ্গণে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী ২০১৯ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফজলুল হক হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট হলের ছাত্রবৃন্দ অংশগ্রহণ করেন।

## আইইএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের '১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। আইইএম এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ০২ মার্চ সোমবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ রফিকুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে



আইইএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ইসিই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



ইসিই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের '১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। ইসিই এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ০৩ মার্চ মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। ইসিই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মনির হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ ফয়সল হোসেন। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## সিএসই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



*সিএসই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের '১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। সিএসই এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ০৪ মার্চ বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। সিএসই এসোসিয়েশনের আয়োজনে সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক ও সিএসই বিভাগের প্রফেসর ড. এম এম এ হাসেম। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বিএমই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



*বিএমই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন সিই অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগের '১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। বিএমই এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ০৮ মার্চ রবিবার বেলা ০৩ টায় বিএমই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। বিএমই এসোসিয়েশনের সভাপতি দেবাশীষ কুমার সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিই অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও বিএমই বিভাগের বিভাগীয় প্রধান ড. মুহাম্মাদ মুঈনুল ইসলাম। অনুষ্ঠানে অতিথিবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিএমই বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



*ইইই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন ইইই অনুষদের ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ২০১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৫ মার্চ রবিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইসিটি'র পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ রফিকুল ইসলাম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ইইই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ সাইফুর রহমান। অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীবৃন্দ নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন এবং প্রধান অতিথি বিদায়ী নবীন প্রকৌশলীদের হাতে স্মারক ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



*কুয়েটে টিই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগের ২০১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৬ মার্চ সোমবার বিকাল সাড়ে ৩ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান ফারহানা মমতাজ।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



*সিই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের ২০১৫ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৯ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৬ মার্চ সোমবার বিকাল ৬ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান প্রফেসর ড. এস এম মনিরুজ্জামান।

## খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত



*কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২ দিনব্যাপী বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ১৪ মার্চ শনিবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় ভাইস-চ্যান্সেলর বলেন, "সাংস্কৃতিক কর্মকান্ড ও খেলাধুলা শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে সহায়ক। লেখাপড়া শুধুমাত্র সার্টিফিকেট অর্জনের জন্য নয়, একজন ভালো মানুষ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে হবে, সততার সাথে কাজ করতে হবে"। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আয়েশা সিদ্দিকার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, বিদ্যালয়ের প্রাথমিক শাখার প্রধান শিক্ষক মোঃ বেল্লাল হোসেন প্রমুখ।

(১১ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ



*পাঠ্যপুস্তক উৎসবে অতিথিদের সঙ্গে বিনামূল্যে পাওয়া পাঠ্যবই হাতে কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের শিক্ষার্থীবৃন্দ।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ ও সারাদেশের ন্যায় পাঠ্যপুস্তক উৎসব অনুষ্ঠিত হয়েছে। ০১ জানুয়ারি বুধবার সকাল ১০টায় খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক শাখা) ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যবই তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. জলী সুলতানা, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রাফিজুল ইসলাম, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ প্রমুখ। অনুষ্ঠানে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের প্রধান শিক্ষক আয়েশা সিদ্দিকা, উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের (প্রাথমিক শাখা) প্রধান শিক্ষক মোঃ বেল্লাল হোসেন, স্কুলসমূহের শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## লালন শাহ হলে 'মুজিব শতবর্ষের' ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন



*লালন শাহ হলের উদ্যোগে মুজিব শতবর্ষের ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লালন শাহ হলের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী 'মুজিববর্ষ' পালনের অংশ হিসেবে মুজিব শতবর্ষের ক্ষণ গণনা কার্যক্রম শুরু হয়েছে। ০৪ ফেব্রুয়ারি মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের লালন শাহ হল প্রাঙ্গণে স্থাপিত ডিজিটাল পদ্ধতিতে ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এবং হলের শিক্ষার্থী অঙ্কন বড়াল। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্ট, বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও হলের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## রোকেয়া হলে ‘মুজিব শতবর্ষের’ ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন



রোকেয়া হলের উদ্যোগে মুজিব শতবর্ষের ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর রোকেয়া হলের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ‘মুজিববর্ষ’ পালনের অংশ হিসেবে মুজিব শতবর্ষের ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন ১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের হল প্রাঙ্গণে স্থাপিত ডিজিটাল পদ্ধতিতে ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও হলের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ফজলুল হক হলে ‘মুজিব শতবর্ষের’ ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন



ফজলুল হক হলের উদ্যোগে মুজিববর্ষের ক্ষণ গণনা কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ফজলুল হক হলের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ‘মুজিববর্ষ’ পালনের অংশ হিসেবে মুজিব শতবর্ষের ক্ষণ গণনা কার্যক্রম শুরু হয়েছে। ০২ মার্চ সোমবার দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হল প্রাঙ্গণে স্থাপিত ডিজিটাল পদ্ধতিতে ক্ষণ গণনা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় ফজলুল হক হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ হাবিবুর রহমান এর সভাপতিত্বে পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, সংশ্লিষ্ট হলের শিক্ষার্থীদের মধ্যে বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান ও মুহতাসিন ফুয়াদ বক্তৃতা করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও হলের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত

(১০ পৃষ্ঠার পর) ১৩ মার্চ শুক্রবার সকাল ৯টায় বিদ্যালয়ের খেলার মাঠে জাতীয় সংগীতের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের প্রধান শিক্ষক আয়েশা সিদ্দিকা। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে শান্তির প্রতীক পায়রা উড়ানো, বিদ্যালয়ের পতাকা ও ক্রীড়া প্রতিযোগিতার পতাকা উত্তোলন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠান শেষে বিদ্যালয়সমূহের শিক্ষার্থীরা মনোমুগ্ধকর শারীরিক কসরত ও ডিসপ্লে প্রদর্শন করেন। এছাড়া দিনব্যাপী বিভিন্নক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় বিনামূল্যে হ্যান্ড সেনিটাইজার বিতরণ



করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় কুয়েটের পক্ষে বিনামূল্যে হ্যান্ড সেনিটাইজার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর রসায়ন বিভাগের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিনামূল্যে হ্যান্ড সেনিটাইজার বিতরণ করা হয়। ১৯ মার্চ বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং কুয়েট সংলগ্ন এলাকাবাসীর মধ্যে হ্যান্ড সেনিটাইজার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, ড. এম এ রশিদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান আলীসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। ২০ মার্চ শুক্রবার দুপুরে গণমাধ্যমকর্মীসহ অন্যান্যের মধ্যে বিনামূল্যে হ্যান্ড সেনিটাইজার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। এসময় অন্যান্যের বক্তৃতা করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন এবং উপস্থিত ছিলেন রসায়ন বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন ও প্রফেসর ড. মোহাম্মাদ হাসান মোর্শেদ।

## করোনা ভাইরাসের কারণে কর্মহীন অসহায় ও দুস্থ্যদের মধ্যে কুয়েট শিক্ষক সমিতির উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ



করোনা ভাইরাসের কারণে কর্মহীন অসহায় ও দুস্থ্যদের মাঝে কুয়েট শিক্ষক সমিতির উদ্যোগে খাদ্য সমাগ্রী বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

করোনা ভাইরাসের কারণে কর্মহীন অসহায় ও দুস্থ্যদের মধ্যে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) শিক্ষক সমিতির উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। ০৫ এপ্রিল রবিবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে কুয়েট ও আশেপাশের ১৩৫ টি পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, শিক্ষক সমিতি কর্তৃক গঠিত এ সম্পর্কিত কমিটির সভাপতি প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, সদস্য সচিব খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরামসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাদের মধ্যে প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, প্রফেসর ড. সজল কুমার অধিকারী, ড. ইসমাঈল সাইফুল্যাহ, মোঃ এস্রাজ-উল-জান্নাত, পারভেজ আহমেদ, সৌমিত্র কুমার সরকার, সোমনাথ সমাদ্দার, মোঃ নূরুজ্জামান, প্রমুখ।

## হল কর্মচারীদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ



*করোনা ভাইরাসের কারণে আর্থিকভাবে বিপর্যস্ত হল কর্মচারীদের মাঝে হলসমূহের উদ্যোগে খাদ্য সমাগ্রী বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

করোনা ভাইরাসের কারণে আর্থিকভাবে বিপর্যস্ত খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর বিভিন্ন হলে কর্মরত হল কর্মচারীদের মধ্যে হলসমূহের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। ০৮ এপ্রিল বুধবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ১৫২ জন হল কর্মচারীর মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় উপস্থিত ছিলেন ফজলুল হক হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, রোকেয়া হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, ফজলুল হক হলের সহকারী প্রভোস্ট ড. মোঃ ইলিয়াস উদ্দিন, লালন শাহ্ হলের সহকারী প্রভোস্ট পারভেজ আহম্মেদ, অমর একুশে হলের সহকারী প্রভোস্ট মোঃ আব্দুল হাফিজ মিয়াসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাদের মধ্যে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ, কম্পট্রোলার মোঃ নূরুজ্জামান, প্রমুখ।

## করোনা ভাইরাসের কারণে কর্মহীন অসহায় ও দুস্থ্যদের মধ্যে অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ



*করোনা ভাইরাসের কারণে কর্মহীন অসহায় ও দুস্থ্যদের মাঝে কুয়েট অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে খাদ্য সমাগ্রী বিতরণ করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

করোনা ভাইরাসের কারণে কর্মহীন অসহায় ও দুস্থ্যদের মধ্যে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। ০৯ এপ্রিল বৃহস্পতিবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে কুয়েট ও আশেপাশের ৭৮ টি পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় উপস্থিত ছিলেন অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আব্বাস আলী, সহ-সাধারণ সম্পাদক মোঃ রুবেল শেখ, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজকল্যাণ সম্পাদক মনোজ কুমার মজুমদার, দপ্তর ও প্রচার সম্পাদক মোঃ লাইসান হাবিব এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাদের মধ্যে রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ, প্রমুখ।

## কুয়েট ও বিএনসিসি এর উদ্যোগে হল কর্মচারীদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ



*করোনা ভাইরাসের কারণে আর্থিকভাবে বিপর্যস্ত কুয়েটের হল কর্মচারীদের মাঝে বিএনসিসি সুন্দরবন রেজিমেন্ট ও কুয়েটের যৌথ উদ্যোগে খাদ্য সমাগ্রী বিতরণ করা হয়।*

করোনা ভাইরাসের কারণে আর্থিকভাবে বিপর্যস্ত খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর বিভিন্ন হলে কর্মরত হল কর্মচারীদের মধ্যে বিএনসিসি সুন্দরবন রেজিমেন্ট ও কুয়েটের যৌথ উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। ০৯ মে শনিবার বেলা সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার সংলগ্ন স্থানে ১৩৮ জন হল কর্মচারীর মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ, বিএনসিসি সুন্দরবন রেজিমেন্টের কমান্ডার লেঃ কর্নেল রাহাত নেওয়াজ, ব্যাটালিয়ন এ্যাডজুটেন্ট লেঃ কাজী রিফাত এবং বিএনসিসি কুয়েট প্লাটুন কমান্ডার প্রতীক চন্দ্র বিশ্বাস।

## খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজের প্রথম অধ্যক্ষ প্রফেসর মোঃ হায়দার আযম এর মৃত্যুতে ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ভূতপূর্ব প্রতিষ্ঠান খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজের প্রথম অধ্যক্ষ (ভারপ্রা এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতিষ্ঠাকালীন বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ হায়দার আযম ১২ মে মঙ্গলবার আমেরিকার অস্টিনে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন। প্রফেসর মোঃ হায়দার আযম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন কুয়েট এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। তিঁনি মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

## কুয়েট এর শিক্ষার্থী আমেনা আক্তার আঁখি'র অকাল মৃত্যুতে ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের '১৭ ব্যাচের শিক্ষার্থী আমেনা আক্তার আঁখি ১৮ জানুয়ারি শনিবার দুপুর সাড়ে ১২টায় কুড়িগ্রামস্থ তার নিজ বাসভবনে ইন্তেকাল করেন। তাঁর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন কুয়েট এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। তিঁনি কুয়েট শিক্ষার্থীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, আমেনা আক্তার আঁখি দীর্ঘদিন যাবৎ দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন।

## সড়ক দূর্ঘটনায় কুয়েট শিক্ষার্থী মোঃ শরিফুল ইসলামের অকাল মৃত্যুতে ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪র্থ বর্ষের শিক্ষার্থী মোঃ শরিফুল ইসলাম ২৩ মে শনিবার দুপুর ১২ টার দিকে রংপুরস্থ তার নিজ গ্রামে এক মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় মৃত্যুবরণ করেন। বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী মোঃ শরিফুল ইসলামের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন কুয়েট এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। তিঁনি কুয়েট শিক্ষার্থীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন।

# বিভিন্ন বিভাগ/শাখায় নতুন শিক্ষক/কর্মকর্তা যোগদান (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### আইইপিটি এর পরিচালক হিসেবে প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান অত্র বিশ্ববিদ্যালয়ের আইইপিটি এর পরিচালক হিসেবে গত ০১ জানুয়ারি ২০২০ ইং তারিখ পুনরায় দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### আইডিএম এর পরিচালক হিসেবে প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম অত্র বিশ্ববিদ্যালয়ের আইডিএম এর পরিচালক হিসেবে গত ১৭ জানুয়ারি ২০২০ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) হিসেবে প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) হিসেবে পুনরায় গত ০১ জানুয়ারি ২০২০ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক (সিআরটিএস) হিসেবে প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (সিআরটিএস) হিসেবে গত ০৪ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) হিসেবে প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) হিসেবে গত ১৯ মার্চ ২০২০ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে ড. ইসমাঈল সাইফুল্যাহ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. ইসমাঈল সাইফুল্যাহ অত্র বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ১৯ মার্চ ২০২০ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। শিক্ষকতার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### অমর একুশে হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর এ এন এম এনামুল কবীর এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক এ এন এম এনামুল কবীর গত ০১ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখে অমর একুশে হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল গত ০১ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট হিসেবে পুনরায় দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে জনাব পলাশ চন্দ্র দাশ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক জনাব পলাশ চন্দ্র দাশ অত্র বিশ্ববিদ্যালয়ের সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ১৯ মার্চ ২০২০ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। শিক্ষকতার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে মিজানুর রহমান পি,ইঞ্জ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক মিজানুর রহমান পি,ইঞ্জ গত ০১ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের প্রভাষক খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম গত ০৪ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অমর একুশে হলের সহকারী প্রভোষ্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব মোঃ আব্দুল হাফিজ মিয়া এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক জানাব মোঃ আব্দুল হাফিজ মিয়া গত ০৬ মার্চ ২০২০ ইং তারিখে অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সিএসই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল গত ০১ জানুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### ইসিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ ফয়সল হোসেন এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের প্রফেসর ড. মোঃ ফয়সল হোসেন গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার গত ৩০ এপ্রিল ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার গত ০২ মে ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে পূনরায় যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## এমই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ সাহিদুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের প্রফেসর ড. মোঃ সাহিদুল ইসলাম গত ২৯ জুন ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. কল্যান কুমার হালদার এর যোগদান



ড. কল্যান কুমার হালদার গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখ সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ কামরুল হাসান এর যোগদান



জনাব মোঃ কামরুল হাসান গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ৫ এপ্রিল ২০১৫ ইং তারিখ প্রভাষক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে ড. মোঃ সাইদুজ্জামান এর যোগদান



ড. মোঃ সাইদুজ্জামান গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এর ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ও এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং জাপানের ইয়ামানাসি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি রাজশাহী জেলার সদর থানার গৌড়শহরপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিই বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোহাই মিনুল ইসলাম এর যোগদান



জনাব মোহাই মিনুল ইসলাম গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর সিই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি মাদারিপুর জেলার শিবচর পৌরসভার যাদুয়ারচর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইইই বিভাগে প্রভাষক হিসেবে খাদিজাতুল কুবরা এর যোগদান



খাদিজাতুল কুবরা গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইইই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি চট্রগ্রাম জেলার লোহাগাড়া থানার পশ্চিম কালাউজান গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইইই বিভাগে প্রভাষক হিসেবে জনাব আরেফিন আহমেদ শুভ এর যোগদান



জনাব আরেফিন আহমেদ শুভ গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইইই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি সৈয়দপুর জেলার অফিসার্স কলোনির এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইসিই বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ খোরশেদ আলম এর যোগদান



জনাব খোরশেদ আলম গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইসিই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি নাটোর জেলার বাড়াইগ্রাম উপজেলার পানশাবাড়িয়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন এর যোগদান



জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি সিরাজগঞ্জ জেলার সদর থানার মিরপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## এলই বিভাগে প্রভাষক হিসেবে সাদিয়া মিম এর যোগদান



সাদিয়া মিম গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি খুলনা জেলার পাবলা, দৌলতপুর এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## এলই বিভাগে প্রভাষক হিসেবে জনাব ছানাউল হক এর যোগদান



জনাব মোঃ ছানাউল হক গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি মেহেরপুর জেলা ও থানার আমঝুপি গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## টিই বিভাগে প্রভাষক হিসেবে জনাব দ্যুতিময়ী জাহাঙ্গীর এর যোগদান



জনাব দ্যুতিময়ী জাহাঙ্গীর গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি পাবনা জেলার বেড়া থানার শাহাপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## বিএমই বিভাগে প্রভাষক হিসেবে জনাব অনিক ঘোষ এর যোগদান



জনাব অনিক ঘোষ গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর বিএমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি ময়মনসিংহ জেলার সদর থানার রঘুরামপুর গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## বিএমই বিভাগে প্রভাষক হিসেবে জনাব কাজী জান্নাতুল ফেরদৌসী এর যোগদান



জনাব কাজী জান্নাতুল ফেরদৌসী গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর বিএমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার বিশুবাড়ী গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## গণিত বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ সাদ্দাম হোসেন এর যোগদান



জনাব মোঃ সাদ্দাম হোসেন গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ থেকে বিএসসি (সম্মান) ও এমএসসি ডিগ্রী অর্জন করেন। তিনি বগুড়া জেলার গাবতলি থানার কৃষ্ণচন্দ্রপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## গণিত বিভাগে প্রভাষক হিসেবে জনাব এস এম আরিফ হোসেন এর যোগদান



জনাব এস এম আরিফ হোসেন গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ থেকে বিএসসি (সম্মান) ও এমএসসি ডিগ্রী অর্জন করেন। তিনি কুষ্টিয়া জেলার কুমারখালী থানার হোগলা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## রসায়ন বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ রুবেল আল-মামুন এর যোগদান



জনাব মোঃ রুবেল আল-মামুন গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ থেকে বিএসসি (সম্মান) ও এমএসসি ডিগ্রী অর্জন করেন। তিনি গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## মানবিক বিভাগে প্রভাষক হিসেবে মারিয়া ভূঁইয়া এর যোগদান



মারিয়া ভূঁইয়া গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ থেকে বিএ (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি নারায়নগঞ্জ জেলার তারাব থানার যাত্রামুড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## মানবিক বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ আমানুল্লাহ এর যোগদান



জনাব মোঃ আমানুল্লাহ গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগ থেকে বিবিএ (সম্মান) ও এমবিএ অর্জন করেন। তিনি সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার রায়টা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সহকারী কম্পট্রোলার হিসেবে জনাব রনজিত রায় এর যোগদান



জনাব রনজিত রায় গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর কার্যালয়ে সহকারী কম্পট্রোলার হিসেবে যোগদান করেছেন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় হতে বিকম (অনার্স) ও এমকম (হিসাব বিজ্ঞান) ডিগ্রী অর্জন করেন। তিনি গোপালগঞ্জ জেলার কোটালিপাড়া উপজেলার সুয়াগ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে জনাব মোঃ রুমেন রায়হান এর যোগদান



জনাব মোঃ রুমেন রায়হান গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি খুলনা জেলার শেখপাড়া মেইন রোডস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার হিসেবে জনাব মোঃ আবু বক্কর সিদ্দিকী আবীর এর যোগদান



জনাব মোঃ আবু বক্কর সিদ্দিকী আবীর গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের আইআইসিটিতে সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি গোয়ালপাড়া, খালিশপুর, খুলনার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব রাশেদুল ইসলাম এর যোগদান



জনাব রাশেদুল ইসলাম গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি যশোর জেলার মনিরামপুর উপজেলার শেখপাড়া খানপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিনিয়র ক্যাটালগার হিসেবে জনাব মোঃ রাশেদুল ইসলাম এর যোগদান



জনাব মোঃ রাশেদুল ইসলাম গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে সিনিয়র ক্যাটালগার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে ক্যাটালগার হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে যোগদান করেন।

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

(০৩ পৃষ্ঠার পর) বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সকাল সাড়ে ১০ টায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আলোচনা সভায় ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ আতাউর রহমান, ড. এম. এ. রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আক্কাস আলী, কর্মকর্তা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি. এম. মনিরুজ্জামান, কর্মচারী সমিতির (৩য় শ্রেণি) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম। এছাড়া, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত ও দেশের শান্তি, কল্যাণ কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## ‘ICCESD 2020’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত




*“ICCESD 2020” এর প্রধান অতিথি ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ অব বাংলাদেশ এর রেক্টর প্রফেসর এম, এ, হান্নানকে স্মারক সম্মাননা তুলে দেন সম্মেলনের চেয়ার প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) তিন দিনব্যাপী “৫ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সিভিল ইঞ্জিনিয়ারিং ফর সাসটেইন্যাবল ডেভেলপমেন্ট (ICCESD 2020)” শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে এবং সাইফ পোর্ট হোল্ডিংস লিঃ, ওয়াহিদ কন্সট্রাকশন লিঃ, বসুন্ধরা সিমেন্ট, সেভেন রিংস সিমেন্ট ও সিআরটিএস (সিভিল) এর সহযোগিতায় ০৮ ফেব্রুয়ারি রাতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে কনফারেন্সটির আনুষ্ঠানিক সমাপ্তি অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ অব বাংলাদেশ এর রেক্টর প্রফেসর এম, এ, হান্নান। সম্মেলনের চীফ প্যাট্রোন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং চেয়ার সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনারগাঁও ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ আবুল বাশার এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এস এম মনিরুজ্জামান। সমাপনী অনুষ্ঠানে অনুভূতি ব্যক্ত করে বক্তৃতা করেন চুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. আয়েশা আক্তার, অস্ট্রেলিয়ার এনএসডব্লিউ গভার্নমেন্টের ট্রান্সপোর্ট, রোডস এন্ড মেরিটাইম সার্ভিসের স্পেশালিস্ট জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ার ড. এএইচএম কামরুজ্জামান, অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অফ টেকনোলজি সিডনীর স্কুল অফ সিভিল এন্ড ইনভাইরনমেন্টাল ইঞ্জিনিয়ারিং এর উপ-প্রধান হাদী খাব্বাজ, অস্ট্রেলিয়ার ম্যাককুয়ারী ইউনিভার্সিটির প্রফেসর ড. ভ্লাদিমির স্ট্রিজভ, সেভেন রিংস সিমেন্টের সহকারী জেনারেল ম্যানেজার শেখ জাহাঙ্গীর হোসেন।
স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ০৭ ফেব্রুয়ারি শুক্রবার সকাল সাড়ে ৯টায় কনফারেন্সটির আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ অব বাংলাদেশ এর রেক্টর প্রফেসর এম, এ, হান্নান। সম্মেলনের চীফ প্যাট্রোন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং চেয়ার সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইইই অনুষদে ডীন ও এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, আইসিই সাউথ এশিয়া রিজিওন এর চেয়ার প্রকৌশলী আই, এ, খান ও ম্যাককুয়ারী ইউনিভার্সিটি, অস্ট্রেলিয়ার প্রফেসর ড. ভ্লাদিমির স্ট্রিজভ এবং ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা করেন সম্মেলনের সেক্রেটারি প্রফেসর ড. সজল কুমার অধিকারী। উদ্বোধনী অনুষ্ঠান শেষে কী-নোট সেশনে স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন বিএইটিই বাংলাদেশ এর বোর্ড সদস্য প্রকৌশলী মোঃ আব্দুস সোবহান, ম্যাককুয়ারী ইউনিভার্সিটি, অস্ট্রেলিয়ার প্রফেসর ড. ভ্লাদিমির স্ট্রিজভ এবং বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের সাবেক ডীন প্রফেসর ড. আজাদুর রহমান।
সম্মেলনে মোট ৫টি কী-নোট সেশন এবং ৩২টি টেকনিক্যাল সেশনে দেশ-বিদেশের গবেষকদের মোট ২০১টি টেকনিক্যাল পেপার উপস্থাপিত হয় এবং সেরা ৫টি পেপারকে পুরস্কৃত করা হয়। সম্মেলনে প্রায় চারশত প্রতিথযশা গবেষক, শিক্ষক, স্বনামধন্য প্রকৌশলী ও প্রযুক্তিবিদসহ অন্যান্যরা অংশগ্রহন করেন এবং তাদের গবেষণাকর্ম উপস্থাপন করেন। উল্লেখ্য, এর আগে কুয়েটে ২০১২ সালে প্রথম, ২০১৪ সালে দ্বিতীয়, ২০১৬ সালে তৃতীয় এবং ২০১৮ সালে চতুর্থ বারের মত ‘ICCESD’ অনুষ্ঠিত হয়।

## “BUILTECH FEST 4.0” অনুষ্ঠিত




*“BUILTECH FEST 4.0” এর প্রধান অতিথি ইউজিসি’র মাননীয় সদস্য প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরকে সম্মাননা স্মারক তুলে দেন বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের আয়োজনে দুই দিনব্যাপী “BUILTECH FEST 4.0” অনুষ্ঠিত হয়েছে। ০৫ মার্চ বৃহস্পতিবার বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ফেস্টটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় সদস্য প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ফেস্টের চীফ প্যাট্রোন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং চেয়ার বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, খুলনা ওয়াসার ম্যানেজিং ডাইরেক্টর প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ পিইঞ্জ এবং ইনস্টিটিউট অফ সিভিল ইঞ্জিনিয়ার্স (ইউকে), বাংলাদেশ চ্যাপ্টারের সেক্রেটারী প্রকৌশলী আবু সালেহ মোঃ নুরুজ্জামান পিইঞ্জ। স্বাগত বক্তৃতা করেন ফেস্টের সেক্রেটারী বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক এসএম, আরিফুর রহমান।
০৬ মার্চ শুক্রবার বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ফেস্টটির সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন আইইবি, খুলনার সম্মানী সম্পাদক প্রফেসর ড. সোবহান মিয়া। সভাপতিত্ব করেন ফেস্টের কনভেনর ও বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক এবং স্বাগত বক্তৃতা করেন ফেস্টের সেক্রেটারী বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক এসএম, আরিফুর রহমান। বিল্ডিং ইঞ্জিনিয়ারিং ও কন্সট্রাকশন ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে “BUILTECH FEST 4.0” বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্ট ও ওয়ার্কশপে সাজানো হয়। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং, কন্সট্রাকশন ম্যানেজমেন্ট, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইউআরপি এবং আর্কিটেকচার বিভাগের শিক্ষার্থীরা এই ফেস্টে অংশ নেয়। বিল্ডিং ইঞ্জিনিয়ারিং ও কন্সট্রাকশন ম্যানেজমেন্টের ক্ষেত্রে শিক্ষার্থীদের উদ্ভাবনীমূলক চিন্তাধারা ও কাজের বেশি বেশি সুযোগ করে দেয়া এই ফেস্টের প্রধান উদ্দেশ্য। প্রতিযোগিতামূলক ইভেন্টগুলো মেকানিক্স মেনিয়া, পোস্টার প্রেজেন্টেশন, ক্যাড কনটেস্ট, টেকনিক্যাল রাইটিং, ভিজুয়াল রেন্ডিশন, কেস ক্রাকিং, ম্যানেজমেন্ট মাস্টারমাইন্ড, র‌্যাপিড প্রেজেন্টেশন, কগনিটিভ প্রোজেক্ট শোকেসিং, এডভান্সড মেকানিক্স ব্যাটেলসহ বিভিন্ন ক্যাটাগরিতে ভাগ করা হয়। অনুষ্ঠানে ৩২ টি বিশ্ববিদ্যালয়ের ৬০০ জন শিক্ষার্থী অংশগ্রহন করেন।


## প্রকাশনা কমিটি

| | |
|---|---|
| প্রফেসর ড. সোবহান মিয়া<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | সভাপতি |
| প্রফেসর ড. সজল কুমার অধিকারী<br>সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ | সদস্য |
| প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন<br>ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | সদস্য |
| মোঃ এস্রাজ-উল-জান্নাত<br>সহকারী অধ্যাপক, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগ | সদস্য |
| মনোজ কুমার মজুমদার<br>সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা | সদস্য-সচিব |

প্রকাশনা কমিটি কর্তৃক জনসংযোগ ও তথ্য শাখা থেকে প্রকাশিত।